

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ(ইউসিবি)

খাতুনগঞ্জ শাখা, ঠিকানা-খাতুনগঞ্জ ট্রেড সেন্টার, রামজয় মহাজন লেইন, খাতুনগঞ্জ, থানা - কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম,
অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখার ঋণগ্রহীতা মেসার্স এ ডি এন্টারপ্রাইজ, মালিক- দেবশীষ চৌধুরী, পিতা- মৃত সুবীর রঞ্জন চৌধুরী, ঠিকানা -৪৮, আসাদগঞ্জ, থানা -কোতোয়ালী, জেলা-চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- গ্রাম ও ডাকঘর-রোশানগিরী, থানা- ফটিকছড়ি, জেলা- চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১২.২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৬০,৯৯,৪৫০.৬১ (ষাট লক্ষ নিরানব্বই হাজার চারশত পঞ্চাশ টাকা একষষ্টি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নি তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

"বন্ধকী সম্পত্তির তফসিল"

জিলা- চট্টগ্রাম, থানা- কোতোয়ালী. মৌজা- সুজাকাটগড়, আর এস খতিয়ান নং-৫৮০,২৭১, আর এস ১০০৩, ৯৯৮ নং দাগাদির সামিল বি.এস ২৩৩ নং খতিয়ানের ও নামজারী জমা ভাগ বি.এস ৭৯৩ নং খতিয়ানের বি.এস ১৩৫৩ নং দাগের ভূমির উপর নির্মিত "এপিক কিরন" নামীয় ভবনের ৫ম(4th Floor) তলায় অবস্থিত ডি-৫(D-৫)নং ফ্ল্যাট, আয়তন ১০০০ বর্গফুট এবং বেইজমেন্ট ফ্লোরে কার পার্কিং স্পেস নং- ৯ এবং অবিভক্ত ও অচিহ্নিত ০.৫১ শতাংশ ভূমি, যাহার সিটি কর্পোরেশন হোল্ডিং নং-৮৯, ইকবাল রোড, পাথরঘাটা, চট্টগ্রাম।

নিলামের শর্তাবলী

- ১) আগামী ০২-০৩-২০১৬ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকেল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,খাতুনগঞ্জ শাখা,চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা,পি.ডি.বি/পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক,ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড,খাতুনগঞ্জ শাখা,চট্টগ্রাম